

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৬৮৯

খোয়াই, ১৬ নভেম্বর, ২০২৩

১৮ নভেম্বর খোয়াই ব্লকভিত্তিক যুব উৎসব

খোয়াইয়ের পুরাতন টাউন হলে আগামী ১৮ নভেম্বর খোয়াই মহকুমাভিত্তিক যুব উৎসব অনুষ্ঠিত হবে। এই যুব উৎসবে খোয়াই, তুলাশিখর, পদ্মবিল ব্লক ও খোয়াই পুর পরিষদের ১৫ থেকে ২৯ বছর বয়সের যুবক ও যুবতীগণ সমবেত সংগীত, সমবেত নৃত্য, একক নৃত্য, একক সংগীত ইত্যাদি প্রতিযোগিতায় অংশ গ্রহণ করতে পারবে। সম্প্রতি খোয়াই মহকুমা প্রশাসনের সভাকক্ষে এক প্রস্তুতি সভায় এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সভায় খোয়াই মহকুমার মহকুমা শাসক বিজয় সিনহা ছাড়াও ডিসিএমগণ ও বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন। সভাপতিত্ব করেন খোয়াই পুর পরিষদের চেয়ারপার্সন দেবশীষ নাথ শর্মা।
